**পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)**
প্রধান কার্যালয়
বাড়ী নং-০৫, এভিনিউ-০৩, হাজী রোড, রূপনগর আ/এ, মিরপুর-২, ঢাকা-১২১৬
www.pdbf.gov.bd

PDBF

স্মারক সংখ্যা: ৪৭.৬৬.০০০০.১২.৯৯.০০৭.২০(পার্ট-০৩)-০০৪৩

তারিখ: ১৮ পৌষ, ১৪৩১
০২ জানুয়ারি, ২০২৫

**বিষয়: পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)-এর ডিসেম্বর, ২০২৪ মাসের গণশুনানি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ প্রসংগে।**

সূত্র: ৪৭.০০.০০০০.০৩৩.৯৯.০২৯.১৭.৩৬৭; তারিখ: ২৯-০৯-২০২১খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)-এর ২০২৪-২০২৫ অর্থবছরের ডিসেম্বর, ২০২৪ মাসের গণশুনানি সংক্রান্ত মাসিক প্রতিবেদন সদয় অবগতি ও যথাবিহিত ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হ'ল।

সংযুক্তি: গণশুনানি প্রতিবেদন - ০১ প্রস্থ।

০২/০১/২০২৫

মোঃ মাহমুদ হাসান
(যুগ্মসচিব)
ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক
ফোন: ০২-৮০৩২৯২৬
e-mail: pdbfmd@gmail.com

**সচিব**
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## গণশুনানি সংক্রান্ত তথ্য প্রেরণ

**মন্ত্রণালয়/বিভাগের নাম:** পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

**দপ্তর/সংস্থার নাম:** পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

**মাসের নাম:** ডিসেম্বর, ২০২৪

| ক্রম | কার্যালয়ের নাম | বিবেচ্য মাসে মোট কতদিন শুনানি গৃহীত হয়েছে | সেবা প্রত্যাশীর সংখ্যা | কতজনের আবেদন/ অভিযোগের নিষ্পত্তি হয়েছে | আবেদন/অভিযোগ/ সেবার বিষয়/ক্ষেত্র (সাধারণভাবে সেবার প্রকৃতি সংক্ষেপে উল্লেখ করত হবে) | গৃহীত ব্যবস্থা (সংক্ষেপে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) | ০১ দিন | ৫০ জন | ০৮ জন | "সুফলভোগীদের ঋণ ও সঞ্চয় হিসাবের স্বচ্ছতা নিশ্চিতকল্পে পাশবই মিলকরণ" বিষয়ক গণশুনানি। | বিগত ১৫.১২.২০২৪ খ্রি. তারিখে "সুফলভোগীদের ঋণ ও সঞ্চয় হিসাবের স্বচ্ছতা নিশ্চিতকল্পে পাশবই মিলকরণ" বিষয়ক গণশুনানি অনুষ্ঠানে পিডিবিএফ মাগুরা অঞ্চলের আওতাভুক্ত শালিখা উপজেলা কার্যালয়ের সুফলভোগী সদস্য ও সংশ্লিষ্ট অংশীজন অংশগ্রহণ করেন। উক্ত গণশুনানি অনুষ্ঠানের উদ্দেশ্য ও কর্মপ্রক্রিয়া নিম্নরুপে উপস্থাপিত হয় :<br>**উদ্দেশ্য :**<br>▪ পিডিবিএফ-এর সেবা সুবিধাসমূহ সুফলভোগীদেরকে সম্যকভাবে অবহিতকরণ;<br>▪ পিডিবিএফ-এর সুফলভোগী সদস্যদের পাশবই মূলে ঋণের হিসাব মিলকরণ;<br>▪ পিডিবিএফ-এর সুফলভোগী সদস্যদের পাশবই মূলে সঞ্চয় হিসাব মিলকরণ;<br>▪ সুফলভোগীদের আর্থিক হিসাব-এর স্বচ্ছতা নিশ্চিতকরণ।<br>**কর্মপ্রক্রিয়া:**<br>▪ শতভাগ পাশবই সংগ্রহ ;<br>▪ সুফলভোগীদের ঋণ ও সঞ্চয়ের স্থিতি পাশবই মূলে ডব্লিওসিএফ-এর সাথে মিলকরণ;<br>▪ ৪/৫টি ক্লাস্টারে বিভক্ত হয়ে মিলকরণ সম্পন্নকরণ; | মাগুরা অঞ্চলের আওতাধীন শালিখা উপজেলা কার্যালয়ের উত্তর শুরুশুনা মহিলা সমিতি (০৬৪) ও উত্তর শুরুশুনা পুর্বপাড়া মহিলা সমিতি (০৯৬)-এর সুফলভোগী সদস্য, নারী উদ্যোক্তা, স্থানীয় ব্যক্তিবর্গ ও সংশ্লিষ্ট অংশীজনের উপস্থিতিতে উক্ত গণশুনানি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়াল মাধ্যমে সংযুক্ত ছিলেন পিডিবিএফ-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ মাহমুদ হাসান (যুগ্ম সচিব)। এছাড়া, মন্ত্রণালয়ের ০৩ জন প্রতিনিধি যথাক্রমে জনাব সুব্রত কুমার শিকদার (যুগ্মসচিব), জনাব মোঃ শাহাদাৎ হোসেন (উপসচিব) এবং মোঃ আব্দুস সামাদ প্রধান (সিনিয়র সহকারী সচিব), পল্লী উন্নয়ন ও সমবায় |

| ক্রম | কার্যালয়ের নাম | বিবেচ্য মাসে মোট কতদিন শুনানি গৃহীত হয়েছে | সেবা প্রত্যাশীর সংখ্যা | কতজনের আবেদন/ অভিযোগের নিষ্পত্তি হয়েছে | আবেদন/অভিযোগ/ সেবার বিষয়/ক্ষেত্র (সাধারণভাবে সেবার প্রকৃতি সংক্ষেপে উল্লেখ করত হবে) | গৃহীত ব্যবস্থা (সংক্ষেপে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | ▪ প্রাপ্ত হিসাবের তথ্যাদি নির্দিষ্ট ফরমেট-এ সন্নিবেশকরণ;<br>▪ কোন তথ্যের গড়মিল পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে মিলকরণের উদ্যেগ গ্রহণ।<br><br>অনুষ্ঠানে উত্তর শুরুশুনা মহিলা সমিতি (০৬৪) ও উত্তর শুরুশুনা পূর্বপাড়া মহিলা সমিতি (০৯৬)-এর সদস্যগণ নিম্নোক্ত প্রত্যাশা/প্রস্তাবনা উপস্থাপন করেন:<br>১. ক্ষুদ্র ও নারী উদ্যেক্তা ঋণের সেবা মূল্য এক অঙ্কে নামিয়ে আনা যায় কিনা?<br>২. প্রথম দফায় ঋণ সহায়তা ৩০,০০০/- থেকে বৃদ্ধি করে ৫০,০০০/- করা যায় কিনা?<br>৩. সকল সঞ্চয়ে মুনাফা বৃদ্ধির বিষয়টি বিবেচনা করা যায় কিনা?<br>৪. সদস্যদের ছেলে মেয়েদের লেখাপড়ায় কৃতিত্বপূর্ণ অর্জনের জন্য শিক্ষা ঋণ সুবিধা ও বৃত্তি প্রদানের ব্যবস্থা করা যায় কিনা?<br>৫. পূর্বের ন্যায় আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডে প্রশিক্ষণ এবং নেতৃত্ব বিকাশ প্রশিক্ষণ প্রদান করা যায় কিনা?<br>৬. নারী উদ্যেক্তা ঋণ এবং কৃষি ঋণের মেয়াদ ১২ মাস থেকে বাড়িয়ে ১৮ মাস করা এবং ঋণ গ্রহনের ০৩ মাস পর কিস্তি আদায় শুরু করা যায় কিনা?<br>৭. প্রতি বছর সুফলভোগী সদস্যদের নিয়ে উপজেলা পর্যায়ে মতবিনিময়ের লক্ষ্যে কোনো সমাবেশের আয়োজন করা যায় কিনা?<br>৮. যে কোন প্রশিক্ষণে আপ্যায়নের ব্যবস্থা এবং সভানেত্রীদের বছরে কমপক্ষে ০১ বার হলেও | বিভাগ, পিডিবিএফ-এর ভারপ্রাপ্ত অতিরিক্ত পরিচালকবর্গ ও অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ ভার্চুয়াল মাধ্যমে (জুম) পিডিবিএফ প্রধান কার্যালয় প্রান্তে যুক্ত ছিলেন। শালিখা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, মাগুরা অঞ্চলের উপপরিচালক, সিনিয়র সহকারী পরিচালক, শালিখা উপজেলা কার্যালয়ের ইউডিবিও এবং মাঠ কর্মকর্তাগণ গণশুনানি অনুষ্ঠানে সরাসরি অংশগ্রহণ করেন। |

| ক্রম | কার্যালয়ের নাম | বিবেচ্য মাসে মোট কতদিন শুনানি গৃহীত হয়েছে | সেবা প্রত্যাশীর সংখ্যা | কতজনের আবেদন/ অভিযোগের নিষ্পত্তি হয়েছে | আবেদন/অভিযোগ/ সেবার বিষয়/ক্ষেত্র (সাধারণভাবে সেবার প্রকৃতি সংক্ষেপে উল্লেখ করত হবে) | গৃহীত ব্যবস্থা (সংক্ষেপে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | প্রশিক্ষণের ব্যবস্থা করা যায় কিনা?<br><br>গণশুনানি অনুষ্ঠানে প্রধান কার্যালয় প্রান্তে জনাব মোঃ মাহমুদ হাসান, ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সুফলভোগী সদস্যদের বক্তব্য ধৈর্য্য সহকারে শ্রবণ করেন এবং সদস্যদের প্রশ্নের ধারাবাহিকভাবে জবাব প্রদান করেন:<br><br>১. পিডিবিএফ-এর পরিচালনসহ যাবতীয় ব্যয় এ প্রতিষ্ঠানের নিজস্ব অর্থায়নে নির্বাহ করা হয়। সরকারের তরফ থেকে প্রয়োজনীয় আর্থিক সহায়তা পাওয়া গেলে ক্ষুদ্র, নারী উদ্যোক্তা ও ক্ষুদ্র উদ্যেক্তা ঋণের সেবা মূল্যের হার হ্রাস করা সম্ভব হবে। উল্লেখ্য, ইত:মধ্যে পিডিবিএফ-এর কোভিড প্রণোদনা ঋণ (২য় পর্যায়) ও কৃষি জীবিকায়ন ঋণের সেবা মূল্যের হার ৮% প্রবর্তন করা হয়েছে। অন্যান্য ঋণের সেবা মূল্যের হার প্রতিষ্ঠানের ক্ষমতা বিবেচনা করে অনুকূল অবকাশে হ্রাসকরণের পরিকল্পনা রয়েছে।<br><br>২. পিডিবিএফ-এর ঋণ পরিকল্পসমূহের মধ্যে ক্ষুদ্র ঋণ কার্যক্রমে প্রথম দফায় ৩০,০০০ টাকা এবং পর্যায়ক্রমে সঞ্চয় ইক্যুইটির ভিত্তিতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পর্যন্ত ঋণ প্রদানের সুযোগ রয়েছে। তাছাড়া, সদস্যদের ঋণ চাহিদার বিপরীতে ৮০% সঞ্চয় জমার বিপরীতে ১ম দফার ক্ষেত্রেও উচ্চতর ঋণ প্রদান করা হয় । তবে, প্রথম দফায় ঋণ সহায়তা ৩০,০০০/- থেকে বৃদ্ধি করে ৫০,০০০/- করা যায় কিনা পিডিবিএফ-এর ব্যবস্থাপনা কমিটির সভায় আলোচনাপূর্বক পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। | |

| ক্রম | কার্যালয়ের নাম | বিবেচ্য মাসে মোট কতদিন শুনানি গৃহীত হয়েছে | সেবা প্রত্যাশীর সংখ্যা | কতজনের আবেদন/ অভিযোগের নিষ্পত্তি হয়েছে | আবেদন/অভিযোগ/ সেবার বিষয়/ক্ষেত্র (সাধারণভাবে সেবার প্রকৃতি সংক্ষেপে উল্লেখ করত হবে) | গৃহীত ব্যবস্থা (সংক্ষেপে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | ৩. সুফলভোগী সদস্যদের জমাকৃত সঞ্চয়ের উপর রাষ্ট্রায়াত্ত ব্যাংকের অনুরুপে সাধারণ সঞ্চয়ের উপর মুনাফা প্রদান করা হয়ে থাকে। পিডিবিএফ-এর অন্যান্য সঞ্চয় পরিকল্পের মুনাফার হার বৃদ্ধির বিষয়টি রাষ্ট্রায়ত্ত ব্যাংকের মুনাফা হারের সাথে সামঞ্জস্য রেখে সমন্বয়ের ব্যাপারে কর্তৃপক্ষের বিবেচনায় রয়েছে।<br>৪. সদস্যদের ছেলে মেয়েদের লেখাপড়ায় কৃতিত্বপূর্ণ অর্জনের জন্য ঋণ সুবিধা বা বৃত্তি প্রদান করা যায় কিনা এ প্রশ্নের জবাবে প্রধান অতিথি জানান, শিক্ষা সঞ্চয় পরিকল্প গড়ে তোলার মাধ্যমে বা ঋণ আকারে সহায়তা প্রদানের বিষয়টি পিডিবিএফ-এর ব্যবস্থাপনা কমিটির সভায় আলোচনাপূর্বক অনুকুল বিবেচনায় পিডিবিএফ পরিচালনা পর্ষদের উপস্থাপন করা যেতে পারে।<br>৫. পিডিবিএফ-এর সুফলভোগী সদস্যদের জন্য উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ ও আয়-উৎসারী প্রশিক্ষণ প্রদান অব্যাহত রয়েছে। উক্ত প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণের পরিকল্পনা রয়েছে। তাছাড়া, উক্ত প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় বাজেট বরাদ্দ প্রদান করা হবে।<br>৬. নারী উদ্যোক্তা ঋণ এবং কৃষি ঋণ কার্যক্রমে আপাতত ১৮ মাস মেয়াদ করে ০৩ মাস পর কিস্তি আদায় প্রদানের সুযোগ নাই।<br>৭. পিডিবিএফ-এর সকল সমিতিতে সাপ্তাহিক ভিত্তিতে সাপ্তাহিক প্রশিক্ষণ ফোরাম বা সাপ্তাহিক সভার আয়োজন করা হয়ে থাকে। উক্ত সাপ্তাহিক সভায় সকল সদস্যদের উপস্থিতি নিশ্চিত করে একটি | |

| ক্রম | কার্যালয়ের নাম | বিবেচ্য মাসে মোট কতদিন শুনানি গৃহীত হয়েছে | সেবা প্রত্যাশীর সংখ্যা | কতজনের আবেদন/ অভিযোগের নিষ্পত্তি হয়েছে | আবেদন/অভিযোগ/ সেবার বিষয়/ক্ষেত্র (সাধারণভাবে সেবার প্রকৃতি সংক্ষেপে উল্লেখ করত হবে) | গৃহীত ব্যবস্থা (সংক্ষেপে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | ফলপ্রসু সভায় রুপান্তরের উদ্যোগা গ্রহণ করতে হবে। এরুপ কার্যক্রম সম্পাদিত করা হলে প্রতি বছর সমিতির সদস্য ও উপকারভোগীদের নিয়ে উপজেলা পর্যায়ে মতবিনিময়ের লক্ষ্যে কোনো সমাবেশের আয়োজন করার প্রয়োজন হবে না।<br><br>৮. পিডিবিএফ সমিতির সুফলভোগী সদস্যদের উদ্বুদ্ধকরণ ও আয় উৎসারী কর্মকান্ডে প্রশিক্ষণ প্রদান করে থাকে। এসকল প্রশিক্ষণে সদস্যদের হালকা আপ্যায়নের ব্যবস্থা করা হয়। তাছাড়াও, এ সকল প্রশিক্ষণ ফলপ্রসু করার লক্ষ্যে প্রকৃত বিবেচনা করে প্রশিক্ষণ চাহিদা নিরুপণ করা প্রয়োজন। অধিক সংখ্যক সদস্যদের প্রশিক্ষণ বলয়ের আওতায় আনার লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম শীঘ্রই শুরু করা হবে।<br><br>উক্ত গণশুনানী অনুষ্ঠানে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক সমিতির সুফলভোগীদের উপস্থিতিতে তাদের পাশবই মিলকরণ করা হয়। ব্যবস্থাপনা পরিচালক পিডিবিএফ সুফলভোগীদের ঋণ ও বিভিন্ন প্রকার সঞ্চয় পরিকল্পের সাথে যুক্ত হয়ে ঋণের অধিকতর ব্যবহারের মাধ্যমে নিজেদের অবস্থার উন্নয়ন সামাজিক উন্নয়ন ও গ্রামীণ অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখার জন্য নিজ নিজ অবস্থান থেকে ভূমিকা পালন করার পরামর্শ প্রদান করেন। তিনি আইজিএ ভিত্তিক ঋণ বিতরণ এবং ঋণের সঠিক ব্যবহার নিশ্চিত করার জন্য যথাযথ পরিবীক্ষণ অব্যাহত রাখা, সাপ্তাহিক প্রশিক্ষণ ফোরাম জোরদারকরণের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | |

| ক্রম | কার্যালয়ের নাম | বিবেচ্য মাসে মোট কতদিন শুনানি গৃহীত হয়েছে | সেবা প্রত্যাশীর সংখ্যা | কতজনের আবেদন/ অভিযোগের নিষ্পত্তি হয়েছে | আবেদন/অভিযোগ/ সেবার বিষয়/ক্ষেত্র (সাধারণভাবে সেবার প্রকৃতি সংক্ষেপে উল্লেখ করত হবে) | গৃহীত ব্যবস্থা (সংক্ষেপে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | তাছাড়া, ব্যবস্থাপনা পরিচালক মহোদয় অধিক সঞ্চয় জমা, ঋণ শৃংখলা রক্ষা করে নিয়মিত কিস্তি প্রদানকারী ও সফল উদ্যেক্তাদেরকে বিশেষ পুরষ্কার প্রদানের পরিকল্পনা গ্রহণ করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন।<br><br>পিডিবিএফ-এর বহমাত্রিক ঋণ ও সঞ্চয় কার্যক্রম, আয় উৎসারি কর্মকান্ড, নবসম্পদ সৃজন, প্রণোদনা ঋণ কর্মসূচি এবং প্রশিক্ষণ বাস্তবায়ন ইত্যাদি বিষয় সম্পর্কে অলোচনা করেন। অনুষ্ঠানের প্রধান অতিথি সুফলভোগী সদস্যদের সঞ্চয় পরিবৃদ্ধির বিষয়ে গুরুত্বারোপ করেন। সুফলভোগী সদস্যদের উদ্দেশ্যে ব্যবস্থাপনা পরিচালক বলেন, সমিতির সার্বিক কার্যক্রম সচল রাখার লক্ষ্যে সমিতিকে খেলাপী মুক্ত রাখতে | |

০৭/০৮/২০২৫
(বিনতা বিশ্বাস)
সহকারী পরিচালক
পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ
পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা

০২/০৯/২০২৫
মো: শফিকুল ইসলাম
অতিরিক্ত পরিচালক (ভারপ্রাপ্ত)
অর্থ বিভাগ, পিডিবিএফ

০৪/০৯/২০২৫
মোঃ মাহমুদ হাসান
(যুগ্মসচিব)
ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক
পিডিবিএফ

## “সুফলভোগীদের ঋণ ও সঞ্চয় হিসাবের স্বচ্ছতা নিশ্চিতকল্পে পাশবই মিলকরণ” বিষয়ক গণশুনানি অনুষ্ঠানের স্থিরচিত্র:

স্থান: উত্তর শুরুশুনা মহিলা সমিতি (০৬৪) ও
উত্তর শুরুশুনা পূর্বপাড়া মহিলা সমিতি (০৯৬)
শালিখা উপজেলা কার্যালয়, পিডিবিএফ, মাগুরা










গত ১৫ ডিসেম্বর, ২০২৪ তারিখে পিডিবিএফ মাগুরা অঞ্চলাধীন শালিখা উপজেলা কার্যালয়ের **উত্তর শুরুশুনা মহিলা সমিতি ও উত্তর শুরুশুনা পূর্বপাড়া মহিলা সমিতিতে** পিডিবিএফ-এর সুফলভোগী সদস্য, নারী উদ্যেক্তা, ক্ষুদ্র উদ্যেক্তা ঋণ গ্রহীতা ও স্থানীয় ব্যক্তিবর্গের উপস্থিতিতে গণশুনানী অনুষ্ঠিত হয়। গণশুনানী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন পিডিবিএফ-এর ব্যবস্থাপনা পরিচালক **জনাব মোঃ মাহমুদ হাসান (যুগ্ম সচিব)** মহোদয়।








গত ১৫ ডিসেম্বর, ২০২৪ তারিখে পিডিবিএফ মাগুরা অঞ্চলাধীন শালিখা উপজেলা কার্যালয়ে অনুষ্ঠিত গণশুনানী অনুষ্ঠানে সমিতির শ্রেষ্ঠ সদস্য/উদ্যোক্তাদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।